

ভজন সরকারের কবিতা

(১)

বৃক্ষজীবন

গাছকে বোলো বাকল ছাড়া
মৃত্যু ভয়ে ভীত কিনা
কিংবা কোনো পাখিবিহীন
বসন্তে সে একাকী না ?

গাছকে বোলো অনেক দূরের
আকাশ কি তার প্রতিবেশী
বাতাস কি তার সৃজনেষু
মাটির চেয়ে আপন বেশী ?

গাছকে বোলো পূর্বপুরুষ
রক্তকনায় কখন বাজে
বৃষ্টি ঝরা অন্ধকারে
কেউ আসে কি পিতার সাজে ?

গাছকে বোলো দেয় কি চিঠি
ভুল ঠিকানায় গহীন বনে
রক্ত ঝরে নিজের হৃদয়
খেতলে কি যায় স্বজন টানে ?

গাছকে বোলো গাছকে শুধু
বৃক্ষজীবন দেখলে কিছু
বীজ পড়ে যে পায়ের তলায়
প্রজন্ম তার নিচ্ছে পিছু?

-০-

(২)

একটি মানুষ- খোঁজে

একটি মানুষ শেকড় খোঁজে
একটি মানুষ একটি শেকড়
একটি মানুষ কি যে খোঁজে
একটি মানুষ নিজের ভেতর ।

একটি মানুষ সারা জীবন
কি যে খোঁজে শেকড় বাকড়
এপিঠ-ওপিঠ উলটে দ্যাখে
নিজকে করে এফোঁড় ওফোঁড় ।

একটি মানুষ নিজের মাথায়
তাক করে দেয় তীক্ষ্ণ ভোঁর
একটি মানুষ হাতড়ে বেড়ায়
হারিয়ে যাওয়া বোধের ডোর ।

-০-